

যুগান্তর

প্রিন্ট: ১১ মার্চ ২০২৫, ০৩:০২ পিএম

শিক্ষাঙ্গন

ঢাবির নিয়মিত ক্লাস ১৩ মার্চ, অনলাইনে ২০ মার্চ পর্যন্ত



ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ১১ মার্চ ২০২৫, ০২:৩৫ পিএম



×

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নিয়মিত ক্লাস বৃহস্পতিবার (১৩ মার্চ) পর্যন্ত চলবে। এছাড়া আগামী ১৪ মার্চ (শুক্রবার) থেকে বৃহস্পতিবার (২০ মার্চ) পর্যন্ত অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (১১ মার্চ) সংবাদমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বৃহস্পতিবার (৬ মার্চ) উপাচার্যের সভাকক্ষে অনুষ্ঠিত ডিনস্ কমিটির এক সভায় রমজান মাস উপলক্ষে অনলাইন ক্লাস চালু রাখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।